

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ আশ্বিন, ১৪৩১/ ০৯ অক্টোবর, ২০২৪

এস.আর.ও. নম্বর ৩৪১-আইন/২০২৪—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে গত
৩ অক্টোবর ২০২৪ তারিখে গঠিত নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন, পুলিশ সংস্কার কমিশন, বিচার
বিভাগ সংস্কার কমিশন, দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশন, জনপ্রশাসন সংস্কার কমিশন এবং
৬ অক্টোবর ২০২৪ তারিখে গঠিত সংবিধান সংস্কার কমিশন-এর কমিশন প্রধানগণ বাংলাদেশ সুপ্রীম
কোর্টের আগীল বিভাগের বিচারপতির মর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হইবেন।

২। উক্ত কমিশনসমূহের সদস্যগণ যাহারা প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত নহেন তাহারা কমিশনের
প্রত্যেক সভায় অংশগ্রহণের জন্য ১০ (দশ) হাজার টাকা সম্মানি এবং যাহারা প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত
তাহারা কমিশনের প্রত্যেক সভায় অংশগ্রহণের জন্য ৫ (পাঁচ) হাজার টাকা সম্মানি প্রাপ্ত হইবেন।

৩। তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে
চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্ভুক্তিকালীন সরকারের মাননীয় প্রধান
উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৭২৪৩)

মূল্য : টাকা ৪.০০